



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



মুজিব  
শতবর্ষ  
100

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২৩.১৯.৩২০

তারিখ: ১৮ আষাঢ়, ১৪২৯

০২ জুলাই ২০২২

বিষয়: শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, জামালপুর এর কেন্দ্র সচিবের দায়িত্বে অবহেলার বিষয়ে  
প্রতিবেদন

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর (শিক্ষা ও কল্যাণ শাখা) এর স্মারক নং-০৫.৪৫.৩৯০০.০১৯.০৮.০১০.১২ তারিখ: ২৫ মে, ২০২২ খ্রি. মোতাবেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক নিয়োগে পরীক্ষা-২০২০' এ শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ কেন্দ্রের কেন্দ্র সচিব জনাব এ, কে, এম তফিকুল ইসলাম, অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, জামালপুর এর দায়িত্বে অবহেলা সংক্রান্ত সূত্র: সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর এর ২২-৫-২০২২ খ্রি. তারিখের ০৫.৪৫.৩৯০০.০১৯.০৮.০০৭. ২০২১-২৬৭ নং স্মারক উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর সহকারী শিক্ষক নিয়োগে-২০২০ পরীক্ষা কেন্দ্র শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, জামালপুর এর কেন্দ্র সচিবের দায়িত্বে অবহেলার বিষয়ে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদন পর্যলোচনান্তে দেখা যায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্ব খাতভুক্ত সহকারী শিক্ষক নিয়োগে-২০২০' এর পরীক্ষা সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে এবং আইন-শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধে কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে জনাব তাহমিনা আক্তারকে ২০/০৫/২০২২ খ্রি. তারিখ শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, জামালপুরে দায়িত্ব প্রদান করা হয়। ট্রেজারী হতে প্রশ্নপত্র ও অন্যান্য আনুষঙ্গিক সংগ্রহ করে সকাল ০৯:২৫ এ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হন। কেন্দ্রে উপস্থিত হয়ে দেখা যায় যে, কেন্দ্র সচিব জনাব এ, কে, এম তফিকুল ইসলাম বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর উপস্থিতির পূর্বে কোন প্রকার তল্লাশী ছাড়া সকল পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করার অনুমতি দেন। পরীক্ষার্থীগণ মাবোইল, ব্যাগ, বইপত্র নিয়ে কেন্দ্রে প্রবেশ করেন। পরবর্তীতে তাঁর নেতৃত্বে পুলিশ সদস্যদের উপস্থিতিতে সকল পরীক্ষার্থীদের কেন্দ্র হতে বের করে সঠিক নিয়মে তল্লাশী করে পুনরায় কেন্দ্রে প্রবেশ করানো হয়। পরীক্ষা পরিচালনা কমিটির সভায় সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও নির্দিষ্ট সময়ের পূর্বে তল্লাশী ব্যতীত পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করার অনুমতি প্রদান নিশ্চিতভাবে দায়িত্বে অবহেলার সামিল-মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কমিটির পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও মতামতের প্রেক্ষিতে ০৭ কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা / জবাব প্রেরণের জন্য অধ্যক্ষকে ও এ বিষয়ে ০৭ কর্ম দিবসের মধ্যে মতামত প্রদানের জন্য গভাণিং বডির সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-৭-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

১) সভাপতি, শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ,

জামালপুর।


২) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজ,  
জামালপুর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২৩.১৯.৩২০/১

তারিখ: ১৮ আষাঢ়, ১৪২৯  
০২ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর



২-৭-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক